

●নিচে দেওয়া অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির নির্দেশ মতো উত্তর দাও:

শিলিগুড়ি পৌঁছে যাত্রীদের গরম কাপড় পড়তে হয়। আমি কাপড় ছাড়লাম। চারিদিকে ধানের ক্ষেত মধ্য মধ্য চায়ের ক্ষেতগুলি সুন্দর শোভা, দেখতে দেখতে গাড়ি পাহাড়ের নিচে আসল। এইবার পাহাড়ের উপর উঠতে আরম্ভ করা গেল। ঘন এক শালবনের মধ্যে দিয়ে গাড়ি চলেছে চারিদিকেই বড় বড় শাল গাছ দেখা যায়। এছাড়া আর কিছুই নেই কতক্ষণ পর গাড়ি ঘুরে এক ফাঁকা জায়গায় এসে দাঁড়ালো। তখন নিচের দিকে তাকিয়ে দেখা যায় আমরা পাহাড়ের ওপর কখনো দক্ষিণে প্রকাণ্ড পাহাড় বামে খাদ, কখনো বা দক্ষিণে খাত বামে পাহাড়। ট্রামের রাস্তা মস্ত সাপের মতো পাহাড়কে ঘিরে অল্প অল্প উপরের দিকে উঠছে। এরকম ভাবে ঘুরতে ঘুরতে চলল প্রথম স্টেশন তিনদরিয়া শিলিগুড়ি থেকে নয় ক্রোশ; এখানে ট্রেন পনেরো মিনিট থামে। তিন দরিয়া থেকে যখন গাড়ি ছাড়লো তখন চারদিকে মেঘ কুয়াশার মতো সাদা হয়ে চারদিকে ঘিরে রয়েছে।

প্রশ্নমালা:

১। উত্তর-পূর্ব ভারতের প্রবেশদ্বার বলা হয় কোন শহরকে?

মালদা /মুর্শিদাবাদ /শিলিগুড়ি/ পুরুলিয়া ।

২। 'বহুবর্ষজীবী' উদ্ভিদ হল - কলা গাছ/ ধান গাছ/ শাল গাছ/ গমগাছ।

৩। 'যমজ শহর' নামে পরিচিত - কলকাতা ও কল্যাণী/ শিলিগুড়ি ও জলপাইগুড়ি/ বহরমপুর ও মুর্শিদাবাদ/ বাঁকুড়া ও ঝাড়গ্রাম।

৪। ভারতের সর্বোচ্চ রেলওয়ে স্টেশনটি হলো - ঘুম/ হাওড়া/ শিয়ালদা/ আসানসোল ।

৫। সরীসৃপ প্রাণী কোনটি? কুকুর/ বিড়াল /সাপ /সিংহ।

৬। আমরা কোন ঋতুতে বা কোন মাসে গরম জামা কাপড় পরি?

৭। তোমার জানা একটি পাহাড়ের নাম লেখো।

৮। তুমি কোন ঋতুতে সকালে বা ভোর বেলায় চারদিকে কুয়াশা দেখতে পাও?